দৈনিক সংবাদ

তারিখ 19 SEP 1992
পৃষ্ঠা ৫ কলাম ১

# চুয়াডাঙ্গায় ৫০ হাজার শিশু প্রাথমিক শিক্ষা থেকে বঞ্চিত

দর্শনা (চুয়াডাঙ্গা), ১৮ই সেপ্টেম্বর (নিজস্ব সংবাদদাতা)।—চুয়াডাঙ্গা জেলার ৪টি থানায় প্রায় ৫০ হাজার শিশু প্রাথমিক শিক্ষা গ্রহণ থেকে বঞ্চিত রয়েছে। ফলে এ জেলায় প্রাথমিক শিক্ষা কার্যক্রম মারাত্মকভাবে বিঘ্নিত হচ্ছে।

চুয়াডাঙ্গা জেলায় প্রাথমিক শিক্ষা গ্রহণ উপযোগী শিশুর সংখ্যা ১ লাখ ৪৮ হাজার ৩০৫ জন। এদের মধ্যে চুয়াডাঙ্গা সদর থানায় ৩৬ হাজার ১৬১ জন, দামুড়হুদা থানায় ৩৮ হাজার ৫৬০ জন, জীবননগর থানায় ২৩ হাজার ২৪ জন এবং আলমডাঙ্গা থানায় ৫০ হাজার ৫৬০ জন শিশু।

জেলায় প্রাথমিক শিক্ষা গ্রহণ করছে ১ লা ২ হাজার ২৯২ জন শিশু। এদের মধ্যে চুয়াডাঙ্গা সদর থানায় ২৪ হাজার ৬৮ জন, দামুড়হুদা থানায় ২৭ হাজার ৩৭৭ জন, জীবননগর থানায় ১৭ হাজার ২৬৮ জন এবং আলমডাঙ্গা থানায় ৩৩ হাজার ৫৭৯ জন শিশু।

বাকি ৪৬ হাজার ১৩ জন শিশু প্রাথমিক শিক্ষা লাভ থেকে বঞ্চিত রয়েছে। এদের অধিকাংশই অভাব-অনটনের কারণে বিভিন্ন পেশায় নিয়োজিত থাকায় শিক্ষাবিমুখ হয়ে পড়েছে।

জেলায় ৩১১টি প্রাথমিক বিদ্যালয় রয়েছে। এরমধ্যে ২৫৭টি সরকারী এবং ৫৪টি বেসরকারী প্রাথমিক বিদ্যালয় রয়েছে। অধিকাংশ বিদ্যালয়ে প্রয়োজনের তুলনায় শিক্ষক সংখ্যা কম। এ সমস্ত বিদ্যালয়ে আসবাবপত্র ও শ্রেণী কক্ষের স্বল্পতা, পাঠ্য পুস্তকের অনিয়মিত সরবরাহ ইত্যাদি কারণে প্রকৃত শিক্ষা অর্জন থেকে ছাত্রছাত্রীরা বঞ্চিত হচ্ছে।